

-- এনআইবি'তে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬ উদযাপন --



যথাযোগ্য মর্যাদা, গভীর শ্রদ্ধা এবং বীর শহীদদের আত্মার মাগফিরাত কামনার মধ্য দিয়ে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি)-তে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৬ উদযাপিত হয়েছে।

দিবসটির সূচনা হয় সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে। পরবর্তীতে, ইনস্টিটিউটের মহাপরিচালক অধ্যাপক ড. মোঃ ছগীর আহমেদ-এর নেতৃত্বে সভার জাতীয় স্মৃতিসৌধে বীর শহীদদের প্রতি পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়।



মহাপরিচালক বলেন, “স্বাধীনতা আমাদের অহংকার, আর শহীদদের ত্যাগ আমাদের চিরঋণ। বিজ্ঞান ও প্রযুক্তির মাধ্যমে জাতির উন্নয়নে অবদান রেখে আমরা এই ঋণ শোধের অঙ্গীকার করি।” দিবসের দ্বিতীয় পর্বে আলোচনা সভা, কবিতা আবৃত্তি এবং দেশাত্মবোধক গান পরিবেশিত হয়। সভাপতির বক্তব্যে মহাপরিচালক স্বদেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে জাতি গঠনে সক্রিয় ভূমিকা রাখার জন্য সকলকে আহ্বান জানান।



এ কর্মসূচিতে এনআইবি'র সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন।



